গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০২৪. ২০১২- ৩০৮৬

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড) সংক্রান্ত।

সূত্রঃ ডি. ও. নং- ৪৫.০০.০০০০.১৬১.০৪১.০৩.১৩/২৩৫ তারিখঃ ০৬.০৬.২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ ঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব/প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

দপ্তর/সংস্থাঃ

০১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
০৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্রগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজীপুর সিটি কর্পোরেশন।

মোঃ হাবিবুর রহমান খান
অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০

ডি.ও. নং-৪৫.০০.০০০০.১৬১.০৪১.০৩.১৩/২৩৫ তারিখঃ ২৮.০৬.২০১৮ খ্রিঃ

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ১৯৭৭ সাল থেকে জাতীয়ভাবে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর কার্যক্রম পরিচালনা করে আসছে। এ কার্যক্রমের ফলে ৬-৫৯ মাস বয়সী শিশুদের কভারেজ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ২০১৭ সালে শতকরা ৯৯ ভাগে উন্নীত হয়েছে। অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ছিল রাতকানার শতকরা হার ১ ভাগের নীচে নামিয়ে আনা। ইতোমধ্যে বাংলাদেশে সে লক্ষ্য পুরোপুরি অর্জিত হয়েছে। সর্বশেষ জরীপ অনুযায়ী বাংলাদেশে বর্তমানে ভিটামিন 'এ' অভাবজনিত রাতকানার হার শতকরা ০.০৪ ভাগ। তাছাড়া ভিটামিন 'এ' শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এবং শিশু মৃত্যুর ঝুঁকি কমায়। অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধে এই অর্জিত হার ধরে রাখা অথবা তা শূণ্যের কোঠায় নামিয়ে আনা এবং শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে শিশু মৃত্যুর ঝুঁকি কমানোর লক্ষ্যে বছরে ২ বার ৬-১১ মাস বয়সী শিশুদের ১ টি নীল রঙের (১ লক্ষ আই. ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের ১ টি লাল রঙের (২ লক্ষ আই. ইউ) উচ্চক্ষমতা সম্পন্ন ভিটামিন 'এ' খাওয়ানোর কার্যক্রম চালিয়ে যাওয়া একান্ত জরুরি।

এ প্রেক্ষাপটে আগামী ১৪ জুলাই ২০১৮ খ্রিঃ রোজ শনিবার (৩০ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ) সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত সারাদেশে পালিত হতে যাচ্ছে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড)। এ দিবসে ৬-১১ মাস বয়সী শিশুদের ১টি নীল রঙের (১ লক্ষ আই,ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের ১টি লাল রঙের (২ লক্ষ আই,ইউ) উচ্চক্ষমতা সম্পন্ন ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়াও পুষ্টি বিষয়ক বিভিন্ন বার্তা জনগণের মাঝে প্রচার করা হবে।

আসন্ন 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' কে সর্বাত্মকভাবে সফল করার লক্ষ্যে আপনার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলে জাতীয় গুরুত্বপূর্ণ এ কর্মসূচি সফল বাস্তবায়নে অত্যন্ত সহায়ক হবে।

বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত প্রতিনিধিগণ সংশ্লিষ্ট এলাকায় 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' বাস্তবায়নের জন্য সামাজিক উদ্বুদ্ধকরণে প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছেন। বিশেষ করে সিটি কর্পোরেশন ও পৌরসভার নির্বাচিত প্রতিনিধিগণ এই কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার ক্ষেত্রে আর্থিক ও অন্যান্য সহযোগিতা প্রদান করে থাকেন। তাই এই কর্মসূচি এবারও সফলভাবে বাস্তবায়নের জন্য আপনার অধীনস্থ সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি।

শ্রদ্ধান্তে,

আন্তরিকভাবে আপনার

(মোঃ হাবিবুর রহমান খান)

ক্রমিক নং..... তারিখ
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব ( )
উপ-সচিব ( )
সিঃ সঃ সচিব ( )
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
স্বাক্ষর

প্রশাসন-১/২জেপ/স ও কা
নম্বর ২০৫৩ তারিখ ০১/০৭/১৮
যুগ্ম সচিব (প্রঃ)

ড. জাফর আহমেদ খান
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ২৭/৬/১৮